

## নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা'ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل) রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

৩৯। শরী'আত সম্মত ব্যবস্থাপনা গ্রহণের সাথে সাথে এক আল্লাহর উপর নির্ভরশীল হওয়া এবং নিজের ক্ষমতাশিক্তিকে কিছুই জ্ঞান না করা (الاعتماد على الله وحده، ونفى النفس، مع فعل الأسباب المشروعة)

## আল্লাহ তা'আলা বলেন:

(قُلْ لَا أَمْلِكُ لِنَفْسِي نَفْعًا وَلَا ضَرَّا إِلَّا مَا شَاءَ اللَّهُ وَلَوْ كُنْتُ أَعْلَمُ الْغَيْبَ لَاسْتَكْثَرْتُ مِنَ الْخَيْرِ وَمَا مَسَّنِيَ السُّوءُ إِنْ أَنَا إِلَّا نَذِيرٌ وَبَشِيرٌ لِقَوْم يُوْمِنُونَ (188)) ... [الأعراف: 188].

'আপনি বলে দিন, আমি আমার নিজের কল্যাণ সাধনের এবং অকল্যাণ সাধনের মালিক নই, কিন্তু যা আল্লাহ চান। আর আমি যদি গায়েবের কথা জেনে নিতে পারতাম, তাহলে বহু মঙ্গল অর্জন করে নিতে পারতাম এবং আমার কোন অমঙ্গল কখনও স্পর্শ করত না। আমি তো ঈমানদারদের জন্য শুধুমাত্র একজন ভীতি প্রদর্শক ও সুসংবাদদাতা' (সূরা আল-আ'রাফ: ১৮৮)।

আল্লাহ তা'আলা আরও বলেন:

(فَلَمْ تَقْتُلُوهُمْ وَلَكِنَّ اللَّهَ قَتَلَهُمْ وَمَا رَمَيْتَ إِذْ رَمَيْتَ وَلَكِنَّ اللَّهَ رَمَى وَلِيُبْلِيَ الْمُؤْمِنِينَ مِنْهُ بَلَاءً حَسَنًا إِنَّ اللَّهَ سَمِيعٌ عَلِيمٌ (17)) [الأنفال: 17]

'সুতরাং তোমরা তাদেরকে হত্যা করনি; বরং আল্লাহই তাদেরকে হত্যা করেছেন। আর তুমি নিক্ষেপ করনি যখন তুমি নিক্ষেপ করেছিলে; বরং আল্লাহই নিক্ষেপ করেছেন এবং যাতে তিনি তাঁর পক্ষ হতে মুমিনদেরকে পরীক্ষা করেন উত্তম পরীক্ষা। নিশ্চয় আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ' (সূরা আল-আনফাল:১৭)।

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنهُ أَنَّ رَسُولَ اللهِ \_ صلى الله عليه وسلم \_ كَانَ يَقُولُ: «لا إِلَهَ إِلا اللهُ وَحْدَهُ، أَعَنَّ جُنْدَهُ، وَنَصَرَ عَبْدَهُ، وَغَلَبَ الاحْزَابَ وَحْدَهُ فَلا شَيْءَ بَعْدَهُ». متفق عليه، أخرجه البخاري برقم (4114) , ومسلم برقم (2724)

আবৃ হুরায়রা (রা.) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলতেন, এক আল্লাহ ব্যতীত সত্যিকার অর্থে কোন ইলাহ নেই। তিনিই তার বাহিনীকে মর্যাদাবান করেছেন, তার বান্দাকে সাহায্য করেছেন এবং তিনি একাই সম্মিলিত বাহিনীকে পরাভূত করেছেন। এরপর শত্রু ভয় বলতে আর কিছুই থাকল না (ছহীহ বুখারী, হা/৪১১৪; (ছহীহ মুসলিম, হা/২৭২৪)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9380

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন